

## ভুরুঞ্জামারী উপজেলায় ৫৪ তম জাতীয় সমবায় দিবস/২০২৫খ্রি: উদ্দৰ্যাপনের স্বচ্ছ প্রতিবেদনঃ

০১ নভেম্বর ২০২৫খ্রি: ১৬ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ রোজ শনিবার যথাযথ মর্যাদা ও বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সারা দেশের ন্যায় কুড়িগ্রাম জেলার ভুরুঞ্জামারী উপজেলায় ৫৪ তম জাতীয় সমবায় দিবস/২০২৫খ্রি: পালিত হয়।



দিবসের শুরুতে সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ চতুর ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম হতে প্রায় ২০০ জন সমবায়ীর বর্ণাচ্য র্যালী ভুরুঞ্জামারী উপজেলার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষের সামনে এসে সমাপ্ত হয়। র্যালীতে উপজেলা কৃষি সম্প্রাসারণ অফিসার, ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম, ও বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ অংশ গ্রহণ করেন।



চলাকালীন সময়ে “সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায়” ৪৫তম জাতীয় সমবায় দিবস/২৫খ্রি. সফল হোক, সফল হোক, শ্লোগানে মুখরিত হয়ে দিবসটি সফলভাবে পালিত হয়। র্যালী শেষে জাতীয় সংগীতের সুরে সুরে জাতীয় পতাকা উত্তোলন করেন জনাব মোঃ সারোয়ার তৌহিদ, উপজেলা কৃষি সম্প্রাসারণ অফিসার, ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম ও জনাব মোঃ সেকরের

আলী, উপজেলা উপ-সহকারী প্রকৌশলী অফিসার, ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম। সমবায় পতাকা উত্তোলন জনাব মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, উপজেলা সমবায় অফিসার, ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম।



অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে আলোচনা সভা সকাল-১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হয়। এরপর কুড়িগ্রাম জেলার বিভিন্ন শ্রেণীর সমবায় সমিতির কার্যক্রমের উপর একটি ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। উক্ত ভিডিও ডকুমেন্টারি দেখে সকলে খুবই মুঝ হন এবং জেলার কার্যক্রম সম্পর্কে অবহিত হন। উক্ত সভায় সভাপতিত করেন জনাব মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, উপজেলা সমবায় অফিসার, ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত ও গীত পাঠ করা হয়। এর পর স্বাগত বক্তব্য রাখেন জনাব মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, উপজেলা সমবায় অফিসার, ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম। তিনি সমবায়ীদের উদ্দেশ্যে “সাম্য ও সমতায়, দেশ গড়বে সমবায়” প্রতিপাদ্য বিষয় সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন। উপস্থিত সমবায়ীদের পক্ষে বক্তব্য রাখেন জনাব মোছাঃ শিরিনা আক্তার,

সভাপতি, নলেয়া মার্কিটারী গ্রন্থমোটাতজাকরণ সমবায় সমিতি লিঃ, জনাব মোঃ আব্দুল মজিদ সরকার (কমান্ডার), সভাপতি, ভুরুঞ্জামারী অবসর প্রাপ্ত সেনা কল্যাণ সমবায় সমিতি লিঃ ও জনাব মোঃ বোরহান উদ্দিন, সভাপতি, ভুরুঞ্জামারী উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ। বিশেষ অতিথির হিসাবে বক্তব্য রাখেন জনাব মোঃ মাহফুজ কিরন, আহবায়ক, জাতীয় নাগরিক পাটি (এন.সি.পি) ও জনাব মোঃ সেকবর আলী, উপজেলা উপ-সহকারী প্রকৌশলী অফিসার, ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনাব মোঃ সারোয়ার তোহিদ, উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার, ভুরুঞ্জামারী, কুড়িগ্রাম। সবশেষে অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল সর্বাধিক অডিট ফি ও সিডিএফ প্রদানকারী ০১টি সমিতি, সামাজিক ও কল্যাণমূলক কার্যক্রম ১টি সমিতি,





বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টি ০১টি সমিতিকে মোট ০৩টি সম্মাননা স্মারক প্রদান ও উন্নত জাতের গাভী পালন প্রকল্পের সফল নারী সদস্য ০২ জনকে সম্মাননা স্মারক, প্রদান ও ২ জন উপজেলা সভানেত্রী কে উন্নত জাতের গাভীপালন জন্য ২ জনকে এক লক্ষ টাকা করে মোট ০২ (দুই) লক্ষ পৃথক পৃথক চেক প্রদান কার হয়। অনুষ্ঠানের সভাপতি জনাব মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। তাঁর সমাপনী বক্তব্য প্রদান করেন ও সভার সমাপ্তি ঘোষনা করেন। আলোচনা শেষে উপস্থিত অতিথি বৃন্দ ও সমবায়ীরদের আপ্যায়নের মাধ্যমে আলোচনা সভা শেষ হয়।

০১-১১-২০২৫

(মোঃ আব্দুর রাজ্জাক মিয়া)  
উপজেলা সমবায় অফিসার  
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।